“নিশ্চয় কিয়ামতের দিন তোমাদের থেকে আমার নিকট সবচেয়ে বেশি প্রিয় এবং মজলিসে আমার সবচেয়ে কাছের সেই হবে, যে তোমাদের ভেতর চরিত্রের বিচারে সবচেয়ে সুন্দর।

জাবির ইবনু আব্দুল্লাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “নিশ্চয় কিয়ামতের দিন তোমাদের থেকে আমার নিকট সবচেয়ে বেশি প্রিয় এবং মজলিসে আমার সবচেয়ে কাছের সেই হবে, যে তোমাদের ভেতর চরিত্রের বিচারে সবচেয়ে সুন্দর। পক্ষান্তরে কিয়ামতের দিন তোমাদের থেকে আমার নিকট সবচেয়ে বেশি গোস্বার ও মজলিসে আমার থেকে সবচেয়ে দূরে অবস্থান করবে ইনিয়ে-বিনিয়ে কথকেরা ও
বাচালেরা এবং মুতাফায়হিকুনরা। তারা বললেন, আমরা তো ইনিয়ে-বিনিয়ে কথক ও বাচালদের চিনলাম; কিন্তু মুতাফায়হিকুন কারা? তিনি বললেন: অহংকারীরা।” [সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "দুনিয়াতে আমার নিকট তোমাদের মধ্যে সর্বাধিক প্রিয় এবং কিয়ামতের দিন আমার নিকট সর্বাধিক নিকটে বসার অধিকারী হবে সেই ব্যক্তি, যার চরিত্র সর্বোত্তম। আর দুনিয়াতে আমার নিকট তোমাদের মধ্যে সর্বাধিক অপছন্দনীয় এবং কিয়ামতের দিন আমার নিকট সর্বাধিক দূরে বসার অধিকারী হবে সেই ব্যক্তি, যার চরিত্র সবচেয়ে নিকৃষ্ট। তারা হলো, "আস-সারসারুন' তথা যারা অনর্থক বেশি কথা বলে, আল-মুতাশাদ্দিকুন- যারা অহংকারের সাথে কথা বলে, এবং আল-মুতাফাইহিকুন তথা, যারাঅহংকার ও বিদ্রূপের সাথে কথা বলে।" সাহাবায়ে কেরাম বললেন: ‘হে আল্লাহর রাসূল! আমরা 'আস-সারসারুন' ও 'আল-মুতাশাদ্দিকুন' সম্পর্কে জানি, কিন্তু 'আল-মুতাফাইহিকুন' কারা?" নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: "তারা হলো অহংকারী ও মানুষকে বিদ্রূপকারী, যারা কথা বলার সময় মুখ খুলে বাড়াবাড়ি করে।’

http://sunnah.global/hadeeth/bn/show/5802